

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date: 04-09-2025

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

Govt reduces GST: FM

সরকার বিভিন্ন শ্রেণীর বিভিন্ন পণ্যের উপর জিএসটি কমিয়েছে। জিএসটি কমানোর হার এই মাসের ২২ তারিখ থেকে কার্য্যকর হবে। গতকাল নয়াদিল্লিতে কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন বলেন সাধারণ মানুষ এবং মধ্যবিত্ত শ্রেণীর জিনিসপত্রের উপর জিএসটি ১৮ শতাংশ বা ১২ শতাংশ থেকে কমিয়ে ৫ শতাংশ করা হয়েছে।

Byte Nirmala Sitaraman

অর্থমন্ত্রী জানান চুলের তেল, ট্যুলেট সাবান, সাবানের বার, শ্যাম্পু, টুথব্রাশ, টুথপেস্ট, সাইকেল, টেবিলওয়্যার, রান্নাঘরের জিনিসপত্র এবং অন্যান্য গৃহস্থালীর জিনিসপত্রের উপর এখন মাত্র ৫ শতাংশ জিএসটি থাকবে। তিনি আরও জানান অতি উচ্চ তাপমাত্রার দুধ, ছানা এবং পনিরের উপর জিএসটি ৫ শতাংশ থেকে কমিয়ে শূন্য করা হয়েছে। সমস্ত ভারতীয় রুটির উপর এখন শূন্য হারে জিএসটি থাকবে। শ্রীমতি সীতারমন আরও ঘোষণা করেন যে নোনতা খাবার, ভুজিয়া, সস, পাস্তা, ইন্স্ট্যান্ট নুডলস, চকোলেট, কফি, সংরক্ষিত মাংস, কর্ণফেঞ্চা, মাথন এবং ঘি জাতীয় খাদ্য সামগ্রীর উপর জিএসটি ১২ শতাংশ বা ১৮ শতাংশ থেকে কমিয়ে ৫ শতাংশ করা হয়েছে। শ্রীমতী সীতারমন আরও জানান, এয়ার-কন্ডিশনিং মেশিন, ডিশ ওয়াশার, ছোট গাড়ি এবং মোটরসাইকেলের মতো পণ্যের উপর জিএসটি ম্ল্যাব ২৮ শতাংশ থেকে

কমিয়ে ১৮ শতাংশ করা হয়েছে। সমস্ত কৃষি সরঞ্জামের উপর জিএসটি ১২ শতাংশ থেকে কমিয়ে ৫ শতাংশ করা হয়েছে।

PM Hails GST Reform :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী অর্থমন্ত্রী নির্মলা সীতারমন কর্তৃক গতকাল ঘোষিত জিএসটি-তে পরবর্তী প্রজন্মের সংস্কারের প্রশংসা করেছেন। এক সোশ্যাল মিডিয়া পোস্টে, শ্রী মোদী বলেন, সরকার জিএসটি হার কমানোর সিদ্ধান্ত নিয়েছে, যার ফলে সাধারণ মানুষ, কৃষক, এমএসএমই, মধ্যবিত্ত, মহিলা এবং যুবকরা উপকৃত হবেন। তিনি আরও বলেন, সরকার জীবনযাত্রার স্বাচ্ছন্দ্যের লক্ষ্যে জিএসটি হার যৌক্তিকীকরণ এবং প্রতিক্রিয়া সংস্কারের জন্য একটি বিশদ প্রস্তাব প্রস্তুত করেছে। তিনি উল্লেখ করেন এই সংস্কারগুলি সকলের, বিশেষ করে ছোট ব্যবসায়ীদের ব্যবসা করার সহজতা নিশ্চিত করবে।

CM Meeting :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, মাদক ব্যবসায়ীদের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ নিতে হবে। আইন শৃঙ্খলা রক্ষায় স্বতঃপ্রবোধিতভাবে আরক্ষা প্রশাসনকে তার কর্তব্য পালন করতে হবে। সাধারণ মানুষের সমস্যা হয়ে দাঁড়ায় এমন কোনও কাজ বরদাস্ত করা যাবে না। গতকাল সচিবালয়ে রাজ্যবাসীর বিভিন্ন সমস্যা ও উত্তরণের বিষয়ে টাঙ্ক মণিটরিং সিস্টেমের পর্যালোচনা সভায় একথা বলেন তিনি। মুখ্যমন্ত্রী বলেন বাল্যবিবাহ প্রতিরোধ, নেশা সামগ্রীর পাচার প্রতিরোধে পুলিশকে আরও গুরুত্বপূর্ণ ভূমিকা নিতে হবে।

Govt Ensures Co-existence of Anganwadis/Schools:

কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান এবং কেন্দ্রীয় মহিলা ও শিশু উন্নয়ন মন্ত্রী অন্নপূর্ণা দেবী গতকাল নয়াদিল্লির বিজ্ঞান ভবনে অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলির স্কুলগুলির সাথে সহ-স্থান নির্ধারণের জন্য নির্দেশিকা চালু করেছেন। একই সাথে ঘোষণা করা হয়, তিনি বছরের মধ্যে, ভারত জুড়ে প্রায় ২ লক্ষ স্কুল ব্রডব্যান্ডের সাথে সংযুক্ত করা হবে, যা ডিজিটাল শিক্ষা বৃদ্ধি করবে। কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রী শ্রী প্রধান বলেন নতুন নির্দেশিকা প্রতিটি মা ও শিশুর জন্য সম্পূর্ণ যত্ন নিশ্চিত করবে এবং জাতীয় শিক্ষা নীতি ২০২০ এর সাথে সঙ্গতিপূর্ণভাবে শিক্ষার ভিত্তি শক্তিশালী করবে। তিনি শিশুর জীবনে প্রথম শিক্ষক হিসেবে অঙ্গনওয়াড়ি কর্মীদের ভূমিকার উপর জোর দেন এবং ভারতীয় ভাষা শেখানোর ক্ষেত্রে কৃতিম বৃদ্ধিমত্তা এবং প্রযুক্তির ব্যবহারের উপর জোর দেন।

Special Cancer Screening Campaign :

গত পঞ্চাশ সেপ্টেম্বর থেকে রাজ্যজুড়ে ১০০ দিনের বিশেষ ক্যান্সার স্ক্রিনিং অভিযান শুরু করেছে জাতীয় স্বাস্থ্য মিশন। যার মূল লক্ষ্য হলো রাজ্যের প্রতিটি নগরিককে ক্যান্সার স্ক্রিনিং-এর আওতায় এনে রোগের প্রাথমিক পর্যায়ে সনাক্তকরণ নিশ্চিত করা। এই উদ্দেশ্যে সম্প্রতি আগরতলার প্রজ্ঞা ভবনে অনুষ্ঠিত হয় এক বিশেষ →Training of Trainers (ToT)" প্রোগ্রাম। এতে অংশগ্রহণ করেন জাতীয় স্বাস্থ্য মিশন ট্রিপুরাকে সহযোগী হিসেবে কাজ করা আন্তর্জাতিক স্বাস্থ্য সংস্থা জেনেইচপিআইইজিও (Jhpiego) এর প্রতিনিধি ও প্রশিক্ষকবৃন্দ।

AIDS Rally :

মহাকুমা স্বাস্থ্য দপ্তরের উদ্দেশ্যে এইচ.আই.ভি.এইডসের উপরে
সচেতনতামূলক আলোচনাচক্র গতকাল অমরপুর পুরাতন টাউন হলে অনুষ্ঠিত
হয়। আলোচনাচক্রের উদ্বোধন করে বিধায়ক রঞ্জিত দাস নেশামুক্ত সমাজ গড়ার
জন্য সকল অংশের জনগণকে এগিয়ে আসার জন্য আহ্বান জানান।

Weather :

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রি
সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল
২৬ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস।
